গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
নগর গণপূর্ত বিভাগ
১৫-আব্দুল গণি রোড, ঢাকা
ফোন ঃ ৯৫৫০৬৬৩, ফ্যাক্স ঃ ৯৫৬১৯২৪
Email: ee_city@pwd.gov.bd

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৯/২০১৮-২০১৯ইং।

স্মারক নং- গনবি/৩৩৭

তারিখ ঃ ০৪/০৫/১৪২৫ বঙ্গাব্দ
১৯/০৮/২০১৮ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত মালামাল বিক্রয়ের জন্য গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, সচ্ছল ব্যবসায়ী ও ব্যক্তিদের নিকট হইতে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাইতেছে। নিলাম দরপত্র ১৮/০৯/২০১৮খ্রিঃ তারিখ দুপুর **১২.০০** ঘটিকা পর্যন্ত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২, আরবরিকালচার গণপূর্ত বিভাগ, ঢাকায় গৃহীত হইবে এবং একই দিন বেলা **২.৩০** ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে খোলা হইবে।

১. কাজের নাম ঃ **গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন নগর গণপূর্ত বিভাগের অকেজো ও পুরাতন ১২(বার) টি পরিদর্শন যান নিলাম বিক্রয়।**

২. দরপত্রে অংশগ্রহণকারীকে দরপত্রের জন্য মোট মূল্য অংকে ও কথায় আলাদা আলাদাভাবে দরপত্র তফসীলের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করিতে হইবে এবং জামানত হিসাবে তাহার কর্তৃক উদ্ধৃত দরের ১০০% (একশত ভাগ) টাকা বাংলাদেশের যে কোন তফসীল ব্যাংকের বিডি/পে-অর্ডারের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে দরপত্রের সহিত জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩. দরপত্রের সহিত হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স/তালিকাভূক্তি বহি, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, এন. বি. আর. কর্তৃক প্রদত্ত টিন (TIN) সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৪. নিলাম বিজ্ঞপ্তি, শর্ত ও নিয়মাবলী সমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২/মেডিকেল কলেজ/রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা এবং অত্র বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় সমূহে আগামী ১৭/০৯/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত ৫০০/- টাকা মূল্যের বিনিময়ে পাওয়া যাইবে।

৫. কাজ সম্পাদনের সময়সীমা ঃ কার্যাদেশ প্রাপ্তির তারিখ হইতে **৩০(ত্রিশ) দিন**।

৬. দর উদ্ধৃতি ঃ দরপত্রে অংশ গ্রহণকারীদের দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে মালামালের পরিমানের বিপরীতে উল্লেখিত একক হিসাবে উদ্ধৃত দর অংক এবং কথায় লিপিবদ্ধ করিতে হইবে।

৭. দরপত্র যে সকল কারণে বিধি বহির্ভূত ও সম্পূর্ণ বাতিল বলিয়া ঘোষণা করা হইবে ঃ

ক) যদি দরদাতা দরপত্র ফরম, সিডিউলের আইটেমের পাতায় যে স্থানে দর উদ্ধৃত হইবে, সেখানে স্বাক্ষর না করেন।

খ) যদি উদ্ধৃত দর অসামঞ্জস্য/লেখার উপর লেখা/ঘষামাজা/অস্পষ্টতা এবং উদ্ধৃত দর সংশোধনীতে ঠিকাদারের স্বাক্ষর না থাকিলে

গ) উপরে বর্ণিত ক্রমিক নং-২ অনুযায়ী ব্যাংকের বিডি/পে-অর্ডার দরপত্রের সহিত জমা না দিলে

ঘ) যদি ঠিকাদার কর্তৃক অতিরিক্ত কোন শর্ত প্রদান করা হয়।

৮. অনিবার্য কারণে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

চলমান পাতা-২

"বিশেষ শর্তাবলী"

১. সর্বোচ্চ দরদাতার দরপত্র অনুমোদিত হওয়ার পর দরদাতাকে জানানোর ৭(সাত) কার্য দিবসের মধ্যে ভ্যাট ও ট্যাক্স বাবদ বাকি সমুদয় টাকা নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে বিডি/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করিতে হইবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর পুরাতন গাড়ী সমূহ নেওয়ার জন্য আলাদাভাবে অনুমতি দেওয়া হইবে। উল্লেখিত সময়ের মধ্যে সমুদয় টাকা জমা দিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্তসহ তাহার নিলাম দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২. পুরাতন গাড়ী সমূহ নেওয়ার অনুমতি প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে নিজ খরচে সমস্ত মালামাল অপসারণ করিয়া নিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত ভাংচুর মালামাল অপসারণ করিয়া সমূদয় স্থান সম্পূর্ণ পরিষ্কার পরিচ্ছন্ন না করিয়া দিলে দরপত্র বাতিলসহ জমাকৃত টাকা বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে।

৩. নিলাম দরপত্র জমা দেওয়ার পূর্বে উপ-বিভাগীয় প্রকৌশলী, রমনা গণপূর্ত উপ-বিভাগ-১, ঢাকার সহিত যোগাযোগ করিয়া সরেজমিনে দেখিয়া নিতে হইবে। অন্যথায় পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৪. পুরাতন গাড়ী সমূহ নেওয়ার সময় জনসাধারণের যাহাতে কোনও সমস্যা না হয়।

৫. যে কোন দূর্ঘটনার জন্য ঠিকাদার দায়ী থাকিবেন।

৬. সর্বোচ্চ দর দাতাকে কার্যাদেশের পূর্বেই সর্বোচ্চ অনুমোদিত দরের উপর আরও অতিরিক্ত জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ম অনুসারে আয়কর এবং ভ্যাট বাবদ নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে বাংলাদেশের যে কোন তফশিল ব্যাংকের বিডি/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিতে হইবে।

৭. ঠিকাদার/ দরদাতা কর্তৃক অতিরিক্ত কোন প্রকার শর্ত প্রদান গ্রহণযোগ্য হইবে না।

৮. নিলাম সংক্রান্ত ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯. দরপত্রের কোন অংশে টাইপ/বানান/বাক্যে কোন প্রকার ভুল/অস্পষ্টতা/অসংগতি পরিলক্ষিত হইলে এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১০. নিলাম সংক্রান্ত বা নিলামকৃত মালামালের সহিত সংশ্লিষ্ট সকল প্রকার আনুষ্ঠানিকতা/কার্যক্রম সমাপ্তির পরই সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হইবে।

১১. পুরাতন গাড়ী সমূহ অপসারণ কালীন সময়ে আশে পাশের কোন স্থাপনার ক্ষতি সাধণ করা যাইবে না।

১২. পুরাতন গাড়ী সমূহ অপসারণ কাজটি অসম্পূর্ণ রাখা হইলে অথবা আংশিক কাজ করিয়া চলিয়া গেলে তাহার জমাকৃত এবং জামানতের টাকা সমুদয় বাজেয়াপ্তসহ তাহার নিলাম দরপত্র বাতিল করা হইবে।

কর্তৃপক্ষ যে কোন নিলাম দর অনুমোদন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

15-08-18

(আল আহসান আতিক)
সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার)
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা

(মোহাম্মদ শওকত উল্লাহ)
নির্বাহী প্রকৌশলী
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা